

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৮

বিলোনীয়া, ৩ জুন, ২০২৪

সাংবাদিক সম্মেলনে দক্ষিণ ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক

ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার

লক্ষ্যে সমস্ত রকম প্রস্তুতি নেওয়া হয়েছে

দক্ষিণ ত্রিপুরা জেলায় লোকসভা নির্বাচনের ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সমস্ত রকম প্রস্তুতি নেওয়া হয়েছে। জেলার বিলোনীয়া, শান্তিরবাজার ও সার্বুম মহকুমায় ভোট গণনা করা হবে। আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে জেলা নির্বাচন আধিকারিক তথা দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, জেলার বিলোনীয়া মহকুমার ৩৪-রাজনগর (এসসি), ৩৫-বিলোনীয়া ও ৩৭-ঋষ্যমুখ বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে বিলোনীয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে। শান্তিরবাজার মহকুমায় ৩৬-শান্তিরবাজার (এসটি) ও ৩৮-জোলাইবাড়ি (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ে। সার্বুম মহকুমায় ৩৯-মনু (এসটি) ও ৪০-সার্বুমের ভোট গণনা করা হবে সার্বুম মহকুমা শাসক কার্যালয়ে।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, আগামীকাল সকাল ৮টা থেকে ভোট গণনার কাজ শুরু হবে। জেলায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে আজ সন্ধ্যা ৬টা থেকে আগামী ৭ জুন সকাল ৮টা পর্যন্ত ১৪৪ ধারা জারি করা হয়েছে। ভোট গণনা ও ভোট গণনার পরবর্তী সময়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে ইতিমধ্যেই বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সাথে সভা করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে পুলিশ সুপার কৃষ্ণচন্দ্র শেখর, জেলার তিন মহকুমার মহকুমা শাসকগণ, মহকুমা পুলিশ আধিকারিকগণ ও এআরওগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*